# সাহিত্য আকাদেমির নয়া প্রেক্ষাগৃহ



**নুরুল ইসলাম খান ● কলকাতা**

**আপনজন:** বুধবার সাহিত্য আকাদেমির কলকাতা পূর্ব আঞ্চলিক অফিসে  অসামান্য এক সন্ধ্যায় সাহিত্য আডডা বসেছিল। এদিনকলকাতার সাহিত্য আকাদেমিরএই অফিসের সভা ঘরটি নতুন করে সেজে উঠেছিল। দিল্লি থেকে এসেছিলেন সচিব ড. শ্রীনিবাস  রাও।ভাষণে সমৃদ্ধ হল সাহিত্য ভাবনা। তিনি জ্ঞানগর্ভ বক্তৃতায় চমৎকার বললেন। এসেছিলেন সভাপতি , কবি মাধব কৌশিক। উপস্থিত ছিলেন মাননীয় মন্ত্রী,  নাট্যকার কবি ঔপন্যাসিক প্রাবন্ধিক ব্রাত্য বসু । তিনি আনুষ্ঠানিকভাবে সেই পুস্তক বিপণীর দ্বার উদঘাটন করলেন। সভামুখ্য ছিলেন বিশিষ্ট জনপ্রিয় কবি অধ্যাপক সুবোধ সরকার। তারপরেই বসেছিল কবিতার বিশাল আয়োজন। এই সময়ের পঞ্চকবি কবিতা পড়লেন চৈতালী চট্টোপাধ্যায়, শিবাশিস মুখোপাধ্যায়, বিভাস রায় চৌধুরী অর্ণব সাহা ও নির্মাল্য মুখোপাধ্যায়।